আলমডাঙ্গায় সরকারি জমি দখলমুক্ত করতে উচ্ছেদ অভিযান

জামজামি বাজারের ব্রিজ এলাকায় সরকারি জমি দখলমুক্ত করতে আলমডাঙ্গা উপজেলা প্রশাসন উচ্ছেদ অভিযান চালিয়েছে। গতকাল সোমবার দুপুর ১২টার দিকে স্থানীয় ফাঁড়ি–পুলিশের সহযোগিতায় এই অভিযান পরিচালনা করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) আশিষ কুমার বসু।

উপজেলা প্রশাসন সূত্র জানায়, জামজামি বাজারের ব্রিজের দুই পাশ এবং আশপাশের সরকারি জায়গাগুলো দীর্ঘদিন ধরে বিভিন্ন ব্যক্তি দোকান, স্থাপনা ও অস্থায়ী কাঠামো তৈরি করে দখল করে রেখেছিলেন। এতে ব্রিজের মুখে জায়গা সংকুচিত হয়ে বাজারের স্বাভাবিক চলাচল ব্যাহত হচ্ছিল। বিশেষ করে ব্যস্ত সময়ে যানবাহন চলাচলে বাধা সৃষ্টি হতো এবং ছোটখাটো দুর্ঘটনার ঝুঁকি বাড়ত। প্রশাসনের পক্ষ থেকে কয়েকবার দখল সরানোর মৌখিক নির্দেশনা দেওয়া হলেও দখলদাররা তা উপেক্ষা করেন। পরবর্তীতে সরেজমিনে যাচাই-বাছাই শেষে উপজেলা প্রশাসন উচ্ছেদ অভিযান পরিচালনা করে।

অভিযানে বেশ কয়েকটি স্থাপনা অপসারণ করা হয় এবং সরকারি জমিটি সম্পূর্ণ দখলমুক্ত করা হয়। এতে ব্রিজের দুই পাশের দৃশ্যমানতা বৃদ্ধি পায় এবং বাজার এলাকায় স্বাভাবিক চলাচল পুনরায় নিশ্চিত হয়। স্থানীয় বাসিন্দারা বলেন, দীর্ঘদিন ধরে দখলদারির কারণে বাজারের সৌন্দর্য নষ্ট হওয়ার পাশাপাশি ব্রিজ এলাকায় দুর্ঘটনার ঝুঁকি ছিল বেশি। উচ্ছেদ অভিযানে তারা স্বস্তি ফিরে পেয়েছেন।

উপজেলা নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) আশিষ কুমার বসু বলেন, সরকারি খাসজমিতে কোনো ধরনের অবৈধ দখল বরদাস্ত করা হবে না। নিয়মিত অভিযান অব্যাহত থাকবে। প্রয়োজন হলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে। তিনি আরও জানান, বাজারে শৃঙ্খলা ফিরিয়ে আনা এবং জনসাধারণের নিরাপদ চলাচল নিশ্চিত করতেই এ উদ্যোগ।

চুয়াডাঙ্গায় দুই প্রতিষ্ঠানকে ৩২ হাজার টাকা জরিমানা

চুয়াডাঙ্গায় জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযান পরিচালিত হয়েছে। এ সময় অক্সিজেন সিলিন্ডারে রিফিল ও মেয়াদোত্তীর্ণ তারিখ না থাকায় দুইটি প্রতিষ্ঠানকে মোট ৩২ হাজার টাকা জরিমানা করা হয়।

মঙ্গলবার দুপুরে জেলা শহরের বড়বাজার এলাকায় জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর এ অভিযান পরিচালনা করে।

চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসান জানান, নিয়মিত অভিযানের অংশ হিসেবে সদর উপজেলার নতুন বাজার ও বড়বাজার এলাকায় অভিযান পরিচালনা করা হয়। মঙ্গলবার সকাল সাড়ে ১০টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত চলা অভিযানে নিত্যপ্রয়োজনীয় রোগীর জন্য ব্যবহৃত গ্যাস, শিশুখাদ্য ও অন্যান্য পণ্যসামগ্রী তদারকি করা হয়।

অভিযানকালে অক্সিজেন সিলিন্ডারে রিফিল ও মেয়াদোত্তীর্ণ তারিখ না থাকায় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯-এর ৪৫ ধারায় জনাব শেখ আজিম উদ্দিনের প্রতিষ্ঠান মেসার্স বেঙ্গল গ্যাস-কে ৩০ হাজার টাকা জরিমানা করা হয়। এছাড়া, পণ্যে উৎপাদন ও মেয়াদোত্তীর্ণের তারিখ এবং উৎপাদনকারীর যথাযথ তথ্য না থাকায় রঙিন চিপস বিক্রির অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯-এর ৩৭ ধারায় মো. ফারুক হোসেনের প্রতিষ্ঠান মেসার্স মিঠুন স্টোরকে ২ হাজার টাকা জরিমানা করা হয়। সর্বমোট দুই প্রতিষ্ঠানকে ৩২ হাজার টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়েছে।

অপরদিকে বড়বাজারে নিত্যপ্রয়োজনীয় পণ্যের দোকানে হলুদ রং ব্যবহার করে ভেজাল মুগডাল বিক্রি হচ্ছে কিনা তা যাচাই করা হয়। তবে বাজারে বিদ্যমান মুগডালে কোনো ক্ষতিকর রঙের মিশ্রণ পাওয়া যায়নি।

এ সময় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোকে ত্রুটিসমূহ সংশোধনের নির্দেশনা দেওয়া হয় এবং ক্ষতিকর রঙ মিশ্রিত মুগডাল ক্রয়-বিক্রয় থেকে বিরত থাকার পরামর্শ প্রদান করা হয়।

অভিযান পরিচালনা করেন চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসান। সহযোগিতায় ছিলেন নিরাপদ খাদ্য কর্মকর্তা সজীব পাল, ক্যাব প্রতিনিধি মো. রফিকুল ইসলাম ও পুলিশের একটি টিম।

গাংনীতে সেনাবাহিনীর অভিযানে অস্ত্র ও গুলি উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার সাহারবাটী ইউনিয়নের ভাটপাড়া এলাকায় অভিযান চালিয়ে একটি ওয়ান শুটারগান (পিস্তল), তিন রাউন্ড গুলি ও তিনটি দেশীয় ধারালো অস্ত্র উদ্ধার করেছে সেনাবাহিনী।

শনিবার (৮ নভেম্বর) দিবাগত রাত সাড়ে ১০টার দিকে এ অভিযান পরিচালনা করা হয়।

গাংনীস্থ সেনাবাহিনী ক্যাম্প সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে ভাটপাড়া এলাকায় সেনাবাহিনীর একটি দল অভিযানে নামে। সেনাবাহিনীর উপস্থিতি টের পেয়ে অপরাধচক্রটি পালিয়ে যায়। এ সময় তাদের ফেলে যাওয়া অস্ত্র ও গুলি ঘটনাস্থল থেকে উদ্ধার করা হয়।

উদ্ধারকৃত অস্ত্র ও গুলি পরবর্তী আইনগত ব্যবস্থার জন্য গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে।

ঝিনাইদহ মাংসের দোকানে অভিযান, জরিমানা আদায়

ঝিনাইদহের কালিগঞ্জে ভোক্তা অধিকার সংরক্ষণ আইনে ভ্রাম্যমাণ আদালত অভিযান করে, দুজন মাংস ব্যবসায়ীর নিকট থেকে জরিমানা আদায়

করা হয়েছে ।

বুধবার (২২অক্টোবর) সকালে পৌরসভার খাদ্য গোডাইনের সামনে ও কালিগঞ্জ পৌর হাটচাঁদনীর মাংসের দোকানে ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন উপজেলা সহকারি কমিশনার (ভূমি) শাহিন আলম।

এসময় অস্বাস্থ্যকর অপরিচ্ছন্ন খোলামেলা পরিবেশে গরু ও ছাগলের মাংস বিক্রি করার অপরাধে ২ জন মাংস ব্যবসায়ী প্রত্যেককে দেড় হাজার টাকা করে মোট ৩ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। এছাড়া নলডাঙ্গা রোডে পচা মাংস বিক্রির অপরাধে এক ব্যবসায়ীর মাংস মাটিতে পুতে ফেলা হয়।

এসময় প্রসিকিউশন কর্মকর্তা হিসাবে উপজেলা স্যানিটারী ইন্সপেক্টর আলমগীর হোসেনসহ কালিগঞ্জ থানার পুলিশ সদস্যরা উপস্থিত ছিলেন।

উপজেলা সহকারি কমিশনার (ভূমি) শাহিন আলম বলেন, আপনার স্বাস্থ্য সম্মত পরিবেশে মাংস বিক্রি করুন। আপনারা সচেতন হোন। আইনানুগ ব্যবস্থা নিতে বাধ্য করবেন না। জনস্বার্থে ও জনস্বাস্থ্যে এ অভিযান অব্যাহত থাকবে।

মেহেরপুরে ভোক্তার অভিযানে দুই প্রতিষ্ঠানকে জরিমানা

মেহেরপুরে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযানে মেসার্স কেয়া স্টোরকে ৫ হাজার টাকা এবং শাহ মোটরসকে ১০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়েছে।

আজ বুধবার দুপুরে গাংনীর বাশবাড়িয়া ও সদরের বড়বাজার এলাকায় এ অভিযান চালানো হয়। অভিযানে নিত্যপ্রয়োজনীয় পণ্য, সার, বেকারি এবং কীটনাশক বিক্রয় কেন্দ্রগুলোতে তদারকি চালানো হয়।

অভিযানে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯-এর ৩৭ ও ৪৫ ধারায় কসমেটিকস পণ্যে প্রয়োজনীয় তথ্য না থাকার কারণে মেসার্স কেয়া স্টোরকে ৫ হাজার টাকা এবং ইঞ্জিন অয়েল বিক্রয়ে তথ্য গরমিল ও

ভাউচার না রাখার কারণে শাহ মোটরসকে ১০ হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযান পরিচালনা করেন মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত) মোহাম্মদ মামুনুল হাসান।
এসময় আরো উপস্থিত ছিলেন জেলা স্যানিটারি ইন্সপেক্টর মো. তারিকুল ইসলাম ও জেলা পুলিশের একটি টিম।

আলমডাঙ্গা থানা পুলিশের অভিযানে মাদকদ্রব্য সহ গ্রেফতার ১

আলমডাঙ্গা থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে ২০(বিশ) পিচ টেপেন্ডাল ট্যাবলেট উদ্ধার সহ ১জনকে গ্রেফতার করেছে। গতকাল মঙ্গলবার আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ মুহাঃ মাসুদুর রহমান (পিপিএম) এর নেতৃত্বে এসআই(নিঃ) মোঃ আলমগীর কবীর, আলমডাঙ্গা থানা সংগীয় অফিসার ফোর্সসহ থানা এলাকায় নিয়মিত মোবাইল ডিউটি ও মাদক বিরোধী অভিযানকালে, গোপন সংবাদের ভিত্তিতে আলমডাঙ্গা থানাধীন গোবিন্দপুর গ্রামের মোল্লা মৎস প্রকোল্প এর সামনে পাঁকা রাস্তার উপর হতে আসামী গোবিন্দপুর পূর্বপাড়ার আব্দুল কুদ্দুসের ছেলে মোঃ মিজানুর রহমান চঞ্চল(২৮) কে ২০(বিশ) পিচ মাদকদ্রব্য ট্যাপেন্ডল ট্যাবলেট সহ গ্রফতার করে।

পরে তার কাছ থেকে উদ্ধারকৃত আলামত গতরাত ১১ ঘটিকায় জব্দ তালিকা মূলে জব্দ করেন। গ্রেফতারকৃত আসামীদ্বয়ের বিরুদ্ধে আলমডাঙ্গা থানার ধারা-২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন এর ৩৬(১) সারণির ২৯(ক) ধারায় মামলা রুজু করা হয়েছে। গতকালই তাকে সংশ্লিষ্ট মামলায় আদালতে প্রেরণ করা হয়েছে।

মুজিবনগরে ডাকাতির প্রস্তুতিকালে সেনাবাহিনীর হানা, পিস্তল, গুলি ও গাঁজা উদ্ধার

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মহাজনপুরে ডাকাতির প্রস্তুতিকালে অভিযান চালিয়ে ১টি ওয়ান শ্যুটার পিস্তল, ১টি লাইভ অ্যামুনিশন এবং ৫ গ্রাম গাঁজা উদ্ধার করেছে সেনাবাহিনী।

গতকাল সোমবার রাত ১১টা থেকে সাড়ে ১২টা পর্যন্ত মহাজনপুর কবরস্থানের পাশে একটি আমবাগানে সেনাবাহিনীর একটি টিম গোয়েন্দা তথ্যের ভিত্তিতে এ অভিযান পরিচালনা করে।

অভিযানের সময় ডাকাত দল সেনাবাহিনীর উপস্থিতি টের পেয়ে পালিয়ে যায়। পরে তল্লাশি চালিয়ে আমবাগানে অবস্থিত একটি ছাপড়ি ঘর থেকে ১টি ওয়ান শ্যুটার পিস্তল, ১টি লাইভ অ্যামুনিশন এবং ৫ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়।

উদ্ধারকৃত অবৈধ অস্ত্র, অ্যামুনিশন এবং গাঁজা পরবর্তীতে মুজিবনগর থানায় পুলিশের নিকট হস্তান্তর করা হয়।

দামুড়হুদার জয়রামপুরে জলাবদ্ধতা নিরসনে উপজেলা

প্রশাসনের অভিযান

দামুড়হুদা উপজেলার জয়রামপুর শাহপাড়ায় জিয়া খাল ভরাট করে স্থাপনা নির্মাণের কারণে টানা বর্ষণে সৃষ্ট জলাবদ্ধতায় প্রায় ৩০টি পরিবার দীর্ঘদিন ধরে পানিবন্দি অবস্থায় মানবেতর জীবনযাপন করছিল। এ বিষয়ে অভিযোগ পাওয়ার পর দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা তিথি মিত্র সরেজমিনে এলাকাটি পরিদর্শন করেন। গতকাল বুধবার সকাল ৯টার সময় ইউএনও তিথি মিত্র নিজে উপস্থিত থেকে জলবদ্ধতা নিরসন করেন।

স্থানীয়রা অভিযোগ করে বলেন, জয়রামপুর শাহপাড়ায় জিয়া খাল ভরাট করে বিভিন্ন স্থাপনা নির্মাণের কারণে পানি নিষ্কাশনের পথ বন্ধ হয়ে যায়, যার ফলে পুরো এলাকায় জলাবদ্ধতার সৃষ্টি হয়। এরই প্রেক্ষিতে গতকাল বুধবার উপজেলা প্রশাসনের উদ্যোগে ভেকু মেশিন ব্যবহার করে অবৈধ স্থাপনা উচ্ছেদ অভিযান পরিচালনা করা হয়। এতে খালের স্বাভাবিক প্রবাহ ফিরিয়ে এনে পানি নিষ্কাশনের ব্যবস্থা করা হয়েছে।

উপজেলা প্রশাসন সুত্রে জানা গেছে, যেখানে যেভাবে খাল ভরাট করে জলাবদ্ধতা সৃষ্টি করা হয়েছে, সেখানে প্রশাসনের অভিযান অব্যাহত থাকবে। জনস্বার্থে এই কার্যক্রম চলমান থাকবে।

এ অভিযানের ফলে জয়রামপুর শাহপাড়ার পানিবন্দি পরিবারগুলো স্বস্তি ফিরে পেয়েছে এবং উপজেলা প্রশাসনের দ্রুত পদক্ষেপের প্রশংসা করেছেন এলাকাবাসী। পরিদর্শনকালে ও উচ্ছেদ অভিযানে উপস্থিত ছিলেন উপজেলা প্রকৌশলী ও স্থানীয় হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন সহ ইউপি সদস্য গন এবং স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ। এঘটনায় স্থানীয় এলাকাবাসী উপজেলা প্রশাসনকে সাধুবাদ জানান।

চুয়াডাঙ্গায় বিজিবি’র অভিযানে

মাদক ও চোরাচালান পণ্যসহ আটক ২

চুয়াডাঙ্গার ৬ বিজিবি বিভিন্ন সীমান্ত থেকে ৭৪ লক্ষ টাকার মাদক ও চোরাচালানপণ্যসহ দু’জনকে আটক করেছে।

গত ২৮ সেপ্টেম্বর থেকে ০৪ অক্টোবর ২০২৫ পর্যন্ত চলমান অভিযানে তারা সীমান্তবর্তী বিভিন্ন এলাকায় বিপুল পরিমাণ মাদকদ্রব্য ও চোরাচালানপণ্য জব্দ করতে সক্ষম হয়েছে। এ অভিযানে মহিলাসহ দুজনকে আটক করেছে।

আটককৃতদের কাছ থেকে ৩টি স্বর্ণের বার (ওজন: ৩৫০.১২ গ্রাম), ভারতীয় মদ ১৮২ বোতল, হেরোইন (৩৯ গ্রাম), গাঁজা (১.০৪ কেজি), ২২৮ পিস টেপেনটাডল ট্যাবলেট, ২ বোতল বিয়ার, ১৩৫ বোতল ফেন্সিডিল, ২০০ পিস ইয়াবা, ২০৮ প্যাকেট পাতার বিড়ি, ১২ পিস ভারতীয় শাড়ি, ১৩৪১ পিস কসমেটিক্স, ১টি ভারতীয় মোবাইল ফোন, বিভিন্ন প্রকার ক্রীম ৩৪৬ পিস, পেঁয়াজের বীজ (১৪ কেজি), ভারতীয় পেঁয়াজ (৪৯৮ কেজি) উদ্ধার করে এবং দুজন চোরাচালানীকে দর্শনা ও দামুড়হুদা থানায় হস্তান্তর করেছে।

জীবননগরে পুলিশের অভিযানে ওয়ারেন্টভুক্ত আসামিসহ গ্রেফতার ১০

চুয়াডাঙ্গার জীবননগরে থানা পুলিশের বিশেষ অভিযানে ৯ জন ওয়ারেন্টভুক্ত আসামি এবং ৫ বোতল ফেনসিডিলসহ এক মাদক কারবারিকে আটক করা হয়েছে।

গতকাল শনিবার ও আজ রবিবার জীবননগর উপজেলার বিভিন্ন এলাকায় এ অভিযান পরিচালনা করে পুলিশ।

গ্রেফতারকৃত ওয়ারেন্টভুক্ত আসামিরা হলেন— উপজেলার বাঁকা গ্রামের মৃত আনোয়ার সর্দারের মেয়ে জরিনা খাতুন (৫৪) ও নুরুন নাহার খাতুন (৪১), আন্দুলবাড়িয়া ইউনিয়নের পাকা গ্রামের সিদ্দিক মণ্ডলের ছেলে ছাব্বির হোসেন (২১), একই গ্রামের মৃত নুর মিয়ার ছেলে সবুজ ইসলাম (২৮), মৃত ফয়উদ্দিনের ছেলে আরিফুল ইসলাম (২২), বাঁকা গ্রামের মৃত আনোয়ার আলী সর্দারের ছেলে জামাল হোসেন (৫৫), জাহাঙ্গীর হোসেন (৪২), বাবুল সর্দার (৫২) ও ফুলু খাতুন (৪৩)।

অন্যদিকে, গোয়ালপাড়া গ্রামের মৃত যোগেন্দ্র নাথের ছেলে রাজু মণ্ডল (৬০) কে ৫ বোতল ফেনসিডিলসহ আটক করা হয়। তার বিরুদ্ধে নিয়মিত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে।

জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. মামুন হোসেন বিশ্বাস জানান, ওয়ারেন্টভুক্ত আসামিদের গ্রেফতারে ও মাদক নিয়ন্ত্রণে নিয়মিত অভিযান অব্যাহত থাকবে। আটককৃতদের আদালতে প্রেরণ করা হয়েছে বলে তিনি জানান।